

স্মারক নং- ইআবি/জনসংযোগ, ত.ও প./সংবাদ বিজ্ঞপ্তি/২০২০/০০৩৫৭

তারিখ : ২০-০১-২০২৫ খ্রিস্টাব্দ

## সংবাদ বিজ্ঞপ্তি

### ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের কামিল মাস্টার্স (১ বছর) পরীক্ষার ফলাফল প্রকাশ

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোঃ শামছুল আলম আজ সকাল ১১.৩০ মিনিটে কামিল মাস্টার্স (১ বছর মেয়াদী) পরীক্ষা-২০২২ এর ফলাফল ঘোষণা করেন। তিনি পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের অভিনন্দন জানান এবং দ্রুত সময়ের মধ্যে পরীক্ষা গ্রহণ ও ফলাফল প্রকাশের মাধ্যমে সেশনজট মুক্ত করার নির্দেশ দেন। পরীক্ষা নিয়ন্ত্রক জনাব এ, কে, এম, আজ্জারুজ্জামান ভাইস-চ্যান্সেলর মহোদয়ের হাতে আনুষ্ঠানিক ভাবে পরীক্ষার ফলাফল তুলে দেন। পরীক্ষায় পাশের হার ৯৩.০৫%।

ফলাফল ঘোষণা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোহাম্মদ শহীদুল ইসলাম, প্রো-ভাইস চ্যান্সেলর অধ্যাপক ড. মুহাম্মদ আবু জাফর খান, ট্রেজারার জনাব এ. এস. এম. মামুনুর রহমান খলিলী, ডিন অধ্যাপক ড. মুহাম্মদ শায়াআত উল্লাহ ফারুকী, ডিন অধ্যাপক ড. মুহাম্মদ অলী উল্যাহ, রেজিস্ট্রার জনাব মোঃ আইউব হোসেন সহ সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।

পরীক্ষা ফলাফল সংক্রান্ত যাবতীয় তথ্য বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট [www.iau.edu.bd](http://www.iau.edu.bd) এ পাওয়া যাবে।



২০/১/২৫

(মোঃ আইউব হোসেন)

রেজিস্ট্রার

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

অনুলিপি:

১. আইসিটি শাখা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
২. অফিস নথি।